# স্বত:প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)**
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৮৯/২ কাকরাইল, ঢাকা।
dg@bmet.gov.bd

# উপক্রমণিকা

অবাধ তথ্য প্রবাহ নিশ্চিত করার লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০০৯ সালে তথ্য অধিকার আইন ২০০৯ প্রনয়ন করেছে। সে প্রেক্ষিতে, ''তথ্য আমার অধিকার, জানতে হবে সবার" এই শ্লোগানকে সামনে রেখে বর্তমান সরকার তথ্য অধিকার প্রতিষ্ঠায় প্রতিশ্রুতিবদ্ধ। সংবিধানের ২১ (২) অনুচ্ছেদ অনুসারে "সকল সময়ে জনগণের সেবা করার চেষ্টা করা প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত প্রত্যেক ব্যক্তির কর্তব্য," এই নির্দেশনা অনুসরণ করা এবং তথ্যে জনগণের অবাধ প্রবেশাধিকার নিশ্চিত করার জন্য তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা ১০ অনুসারে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে এবং তৎসহ অন্যান্য সংশ্লিষ্ট বিধিবিধানের আলোকে স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা প্রণয়ন করে ওয়েবসাইটে প্রকাশের বিধান রয়েছে।

আধুনিক একটি দেশ গড়ার নিমিত্ত দারিদ্র্য ও ক্ষুধামুক্ত, দুর্নীতি ও শোষণহীন, সমৃদ্ধ বাংলাদেশ গড়তে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের মাধ্যমে সুশাসন নিশ্চিত করা আবশ্যক। বাংলাদেশ সরকার এ লক্ষ্যে রূপকল্প ২০৪১ প্রণয়ন করেছে। স্বচ্ছ, নিরাপদ ও নিয়মতান্ত্রিক অভিবাসন নিশ্চিতকরণ এবং অভিবাসী কর্মী ও তাদের পরিবারের কল্যাণ সাধনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো বদ্ধপরিকর।

এ লক্ষ্যে বিধি অনুযায়ী যে সকল তথ্য প্রদানে বাধ্যবাধকতা নেই সে সকল তথ্য ব্যতীত অন্যান্য সকল তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিতকরনে জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো বিভিন্ন কার্যক্রম ও কর্মকৌশল গ্রহণ করেছে। তৎপ্রেক্ষিতে জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো স্বতঃপ্রনোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা প্রনয়ন করেছে। এ নির্দেশিকা সকল নাগরিকের ও তথ্য ব্যবহারকারীর নিকট তথ্য প্রদানের ক্ষেত্র ব্যাপৃত করবে এবং অত্র দপ্তরের স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধির মাধ্যমে জনগণের তথ্য প্রাপ্তির অধিকারকে আরো সুদৃঢ় করবে।

এম ডি তাহিদুল ইসলাম
সহকারী পরিচালক
প্রশাসন (আইন ও বিধি) শাখা
বিএমইটি, ঢাকা।

সূচীপত্র


| | | পাতা নম্বর |
|---|---|---|
| উপক্রমনিকা | | |
| ১. | স্বত:প্রনোদিত তথ্য প্রকাশ নির্দেশিকার পটভূমি ও যৌক্তিকতা | ০১ |
| ১.১ | কার্যাবলী: (আইন/বিধি দ্বারা নির্ধারিত কার্যাবলী) | ০১ |
| ১.২ | নির্দেশিকার শিরোনাম | ০২ |
| ২. | তথ্য সংরক্ষণ, প্রকাশ ও প্রচার পদ্ধতি | ০২ |
| ৩. | নির্দেশিকার ভিত্তি: | ০২ |
| ৩.১ | নির্দেশিকা প্রণয়ন কর্তৃপক্ষ | ০২ |
| ৩.২ | অনুমোদনকারী কর্তৃপক্ষ | ০২ |
| ৩.৩ | অনুমোদনের তারিখ | ০২ |
| ৩.৪ | নির্দেশিকা বাস্তবায়নের তারিখ | ০২ |
| ৩.৫ | নির্দেশিকার প্রযোজ্যতা | ০২ |
| ৪. | নির্দেশিকায় ব্যবহৃত শব্দের সংজ্ঞা | ০৩ |
| ৪.১ | তথ্য | ০৩ |
| ৪.২ | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | ০৩ |
| ৪.৩ | তথ্য প্রদান ইউনিট | ০৩ |
| ৪.৪ | কর্তৃপক্ষ | ০৩ |
| ৪.৫ | আপিল কর্তৃপক্ষ | ০৩ |
| ৪.৬ | তথ্য কমিশন | ০৩ |
| ৪.৭ | তথ্য পক্ষ | ০৩ |
| ৪.৮ | কর্মকর্তা | ০৩ |
| ৪.৯ | স্বত:প্রণোদিত তথ্য প্রকাশ | ০৩ |
| ৫. | স্বত:প্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য প্রকাশ ও প্রদান পদ্ধতি | ০৩ |
| ৫.১ | স্বত:প্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা | ০৩ |
| ৫.২ | স্বত:প্রণোদিত প্রকাশযোগ্য তথ্যের তালিকা প্রকাশের পন্থা | ০৩ |
| ৫.৩ | তালিকা হালনাগাদ | ০৩ |
| ৬. | নির্দেশিকার সংশোধন | ০৩ |
| ৭. | নির্দেশিকার ব্যাখ্যা | ০৩ |
| **পরিশিষ্ট** | | |
| ১. | স্বত:প্রণোদিত প্রকাশযোগ্য তথ্যের তালিকা ও প্রকাশের পন্থা | ৪-৫ |
| ২. | আইন অনুযায়ী যে সকল তথ্য প্রদান বাধ্যতামূলক নয় | ০৬ |
| ৩. | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিবরণ | ০৬ |
| ৪. | বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিবরণ | ০৬ |
| ৫. | আপিল কর্মকর্তার বিবরণ | ০৬ |


CamScanner

## ১। স্বত:প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকার পটভূমি ও যৌক্তিকতা

বাংলাদেশের আর্থ সামাজিক প্রেক্ষাপটে বৈদেশিক কর্মসংস্থান অত্যন্ত গুরুত্বপূর্ণ। বৈদেশিক কর্মসংস্থানের মাধ্যমে দেশে বেকারত্ব হ্রাসের পাশাপাশি প্রবাসীদের প্রেরিত অর্জিত আয় দেশের অবকাঠামো উন্নয়ন, আর্থ সামাজিক উন্নয়নে ব্যাপক প্রভাব ফেলেছে। প্রবাসীদের প্রেরিত রেমিটেন্স দেশের অর্থনীতির চাকাকে গতিশীল রাখছে। ১৯৪৮ সালের আইএলও কনভেনশন এর ৮৮ ধারা অনুযায়ী তৎকালে ৫ টি এমপ্লেয়মেন্ট এক্সচেঞ্জ এর যাত্রা শুরু হয়। স্বাধীনতার পরবর্তীতে ১৯৭৬ খ্রিষ্টাব্দে ৪ টি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ ও ৭টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র নিয়ে জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) নামে সম্পূর্ণ আলাদা একটি সরকারী নির্বাহী প্রতিষ্ঠানের শুভ সুচনা হয়।

জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো নিরাপদ, সুশৃঙ্খল, দায়িত্বশীল এবং নিয়মিত অভিবাসন নিশ্চিতকরণ; বৈদেশিক কর্মসংস্থানকে ত্বরান্বিতকরণ, প্রবাসী কর্মী ও তার পরিবারকে কল্যাণমূলক সেবা প্রদান, প্রতারিত প্রবাসীদের আইনগত সহায়তা প্রদানের লক্ষ্যে সারা দেশে ১১০টি টিটিসি, ৬৪ টি জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, ০৪টি বিভাগীয় কর্মসংস্থান ও জনশক্তি অফিস এবং ০৩টি শিক্ষানবিশি প্রশিক্ষণ দপ্তর ও ০৩টি আন্তর্জাতিক বিমানবন্দরে প্রবাসী কল্যাণ ডেস্ক এর মাধ্যমে বিদেশগামী এবং প্রবাসী কর্মীদের সেবা প্রদান করে আসছে। অভিবাসন ব্যবস্থাপনায় মধ্যস্বত্বভোগী শ্রেণীর দৌরাত্ম্য হ্রাস, অভিবাসন ব্যয় হ্রাস, অভিবাসন বিষয়ক সুযোগ সুবিধা জনগণকে অবহিতকরণ, প্রবাসী কল্যাণ ও নিরাপদ অভিবাসনে সহায়ক তথ্য সর্ম্পকে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিএমইটিএর আওতাধীন মাঠ পর্যায়ের দপ্তর সমূহের মাধ্যমে জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে ইলেকট্রনিক ও প্রিন্টমিডিয়া এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে বিজ্ঞপ্তি প্রচার, সচেতনতামূলক পুস্তিকা, লিফলেট, পোস্টার, ফেস্টুন, ব্যানার বিতরণ, টিভিসি/ওভিসি প্রচার ও প্রদর্শন, সেমিনার, সভা ও উঠান বৈঠক আয়োজন করছে। প্রি-ডিপার্চার কার্যক্রম পরিচালনার মাধ্যমে গণসচেতনতা বৃদ্ধি করা হচ্ছে।

### ১.১। কার্যাবলী: (মাঠ পর্যায়ের অফিস সমূহের মাধ্যমে আইন/বিধি দ্বারা নির্ধারিত কার্যাবলী)

১. বিদেশ গমনেচ্ছু কর্মীদের নাম ডাটাবেজে নিবন্ধীনকরণ।
২. বিদেশ গমনেচ্ছু কর্মীদের ফিঙ্গারপ্রিন্ট গ্রহণ।
৩. পেশা নির্দেশনা।
৪. বৃত্তিমূলক কারিগরি প্রশিক্ষণে এবং নিরাপদ অভিবাসনে উদ্বুদ্ধকরণে সচেতনতামূলক প্রচার-প্রচারণা।
৫. অভিবাসন ব্যবস্থাপনায় মধ্যস্বত্বভোগী/দালাল শ্রেণি বিলোপে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রচার-প্রচারণা।
৬. বিদেশ গমনেচ্ছু কর্মীদের ৩ দিনের PDO (Pre-Departure Orientation) প্রদান।
৭. প্রতারিত প্রবাসী কর্মীদের আইনগত সহায়তা প্রদান।
৮. অভিযোগ গ্রহণ, ADR/Mediation এর মাধ্যমে অভিযোগ মিমাংসা।
৯. মৃত কর্মীদের মরদেহ দেশে আনয়ন, দাফন ও মৃতের পরিবারের সদস্যদের মধ্যে আর্থিক অনুদান বিতরণ।
১০. ক্ষতিগ্রস্থ/বিপদগ্রস্থ প্রবাসী কর্মীদের আর্থিক ও প্রয়োজনে ক্ষতিপূরণ আদায়ের নিমিত্ত সহায়তা প্রদান।
১১. প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি প্রাপ্তিতে সহায়তা।
১২. অডিট আপত্তি নিষ্পত্তির ব্যবস্থাকরণ।
১৩. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, জাতীয় শুদ্ধাচার কৌশল, বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন এবং ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন অফিসে দাখিল।
১৪. প্রত্যাগত অভিবাসী কর্মীদের নিবন্ধীকরণ ইত্যাদি।
১৫. জাতীয় ও আন্তর্জাতিক দিবসসমূহ পালন।
১৬. প্রশাসনিক ও হিসাব শাখার কার্যক্রম।
১৭. কর্মসংস্থানের লক্ষ্যে রেফারেল সার্ভিস।
১৮. প্রবাসী কর্মীদের তথ্য সংগ্রহ ও সংরক্ষণ।

CamScanner

স্বচ্ছ ও জবাবদিহিমূলক কার্যক্রম পরিচালনা, সেবা সহজীকরণ, সেবা প্রদানে অধিকতর গতিশীলতা আনয়ন এবং অভিবাসন ব্যয় হ্রাসের মাধ্যমে নিরাপদ অভিবাসন নিশ্চিতকরণ এবং শ্রম অভিবাসনকে ত্বরান্বিত করার লক্ষ্যে দাপ্তরিক কার্যক্রমে ডিজিটালাইজেশন এবং অটোমেশন করা হয়েছে।

তথ্য অধিকার আইন অনুসারে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং এর অধীন জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো কর্তৃক গৃহীত সিদ্ধান্ত, কার্যক্রম কিংবা সম্পাদিত বা প্রস্তাবিত কর্মকান্ডের সকল তথ্য নাগরিকের কাছে সহজলভ্য করার জন্য বিএমইটি অবাধ তথ্য প্রবাহের চর্চা নিশ্চিত করতে সদাতৎপর রয়েছে। কেননা সকল প্রয়োজনীয় তথ্য জনগণের কাছে উন্মুক্ত হলে দপ্তরের কার্যক্রম সর্ম্পকে জনগণ স্বচ্ছ ধারণা লাভ করতে সক্ষম হবে এবং জনগণেরনিকট জবাবদিহি প্রতিষ্ঠিত হবে। এতে করে জনগণের ক্ষমতায়ন, দুর্নীতি হ্রাস এবং কর্মক্ষেত্রে সুশাসন প্রতিষ্ঠিত হবে।

অবাধ তথ্য প্রবাহের চর্চা নিশ্চিত করতে জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর একটি স্বত:প্রনোদিত তথ্য প্রকাশ প্রনয়ন আবশ্যক বলে মনে করছে। এই নির্দেশিকার মাধ্যমে স্বত:প্রনোদিত প্রকাশযোগ্য তথ্য চিহ্নিতকরন, প্রকাশের উপযুক্ত মাধ্যম নির্ধারন, তথ্য প্রকাশের মানদন্ড নির্ধারণ, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের কর্মপরিধি এবং দায়-দায়িত্ব সুর্নিদিষ্টকরণ এবং পরিবীক্ষণ তত্তাবধান ও জবাবদিহির পদ্ধতি নির্ধারণসহ এতদসংশ্লিষ্ট অন্যান্য বিষয় কাঠামোবদ্ধ করা সম্ভব।

সচিবালয় নির্দেশমালার ২৬৩ নং নির্দেশনা মোতাবেক স্বত:প্রনোদিত তথ্য প্রকাশকে নিয়মাবদ্ধ করতে তথ্য অধিকার আইন, ২০০৯ ও এদতসংশ্লিস্ট প্রবিধানমালার আলোকে জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো এই স্বত:প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা প্রনয়ন করছে।

**১.২ নির্দেশিকার শিরোনাম**

এই নির্দেশিকা "জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর স্বত:প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা, ২০২৬" নামে অভিহিত হবে।

**২। তথ্য সংরক্ষণ, প্রকাশ ও প্রচার পদ্ধতি:**

জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর সকল স্বত:প্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য নিম্নোক্তভাবে সংরক্ষণ, প্রকাশ ও প্রচার করা হবে:

(১) এ ধরনের তথ্য বিএমইটি স্বত:প্রণোদিত হয়ে নোটিশ বোর্ড, ওয়েবসাইট, বিলবোর্ড, লিফলেট, বুকলেট, পোস্টার, ব্যানার, টিভিসি/ওভিসি, মুদ্রিত বই বা প্রতিবেদন আকারে এবং প্রচারণাসহ অন্যান্য গ্রহণযোগ্য মাধ্যমে সংরক্ষণ, প্রকাশ ও প্রচার করবে।
(২) বিএমইটি স্বত:প্রনোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের একটি তালিকা প্রস্তুত করবে এবং এই নির্দেশিকার পরিশিষ্টে (পরিশিষ্ট ১) ও বিএমইটির ওয়েবসাইটে তা সংরক্ষণ করবে।

**৩. নির্দেশিকার ভিত্তি:**

৩.১ নির্দেশিকা প্রনয়ন কর্তৃপক্ষ: জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
৩.২ অনুমোদনকারী কর্তৃপক্ষ: মহাপরিচালক (গ্রেড-১), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো।
৩.৩ "অনুমোদনের তারিখ":
৩.৪ নির্দেশিকা বাস্তবায়নের তারিখ: ১লা জানুয়ারি, ২০২৬ অথবা অনুমোদনের তারিখ হতে।
৩.৫ নির্দেশিকার প্রযোজ্যতা: নির্দেশিকাটি জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর জন্য প্রযোজ্য।

CamScanner

৪. সংজ্ঞা:

৪.১ তথ্য: তথ্য অর্থ জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর গঠন, কাঠামো ও দাপ্তরিক কর্মকাণ্ড সংক্রান্ত যে কোন স্মারক, বই, নকশা, মানচিত্র, চুক্তি, তথ্য, উপাত্ত, লগ বই, আদেশ, বিজ্ঞপ্তি, দলিল, নমুনাপত্র, প্রতিবেদন, হিসাব বিবরণী, প্রকল্প প্রস্তাব, আলোকচিত্র, অডিও, ভিডিও, অংকিতচিত্র, ফিল্ম, ইলেকট্রনিক প্রক্রিয়ায় প্রস্তুতকৃত যে কোন ইন্সট্রুমেন্ট, যান্ত্রিকভাবে পাঠযোগ্য দলিলাদি এবং ভৌতিক গঠন ও বৈশিষ্ট্য নির্বিশেষে অন্য যেকোনো তথ্যবহ বস্তু বা এদের প্রতিলিপি ও এর অন্তর্ভুক্ত হবে। তবে শর্ত থাকে যে, দাপ্তরিক নোটশীটের প্রতিলিপি এর অন্তর্ভুক্ত হবে না।

৪.২ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা: তথ্য অবমুক্তকরণ নীতি বাস্তবায়নের জন্য এবং তথ্য অধিকার আইনের ধারা ১০ অনুযায়ী তথ্য সরবরাহের জন্য জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর নিয়োজিত কর্মকর্তা।

৪.৩ তথ্য প্রদান ইউনিট: জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অধীনে গঠিত তথ্য প্রদান ইউনিট

৪.৪ কর্তৃপক্ষ: কর্তৃপক্ষ বলতে জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো বোঝাবে।

৪.৫ আপিল কর্তৃপক্ষ: আপিল কর্তৃপক্ষ বলতে মহাপরিচালক (গ্রেড-১), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোকে বোঝাবে।

৪.৬ তথ্য কমিশন: তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা ১১-এর অধীন প্রতিষ্ঠিত তথ্য কমিশন।

৪.৭ তথ্য পক্ষ: অর্থ তথ্য প্রকাশকারী কর্তৃপক্ষ ব্যতীত প্রকাশিত তথ্যের সঙ্গে জড়িত অন্য কোন পক্ষ।

৪.৮ কর্মকর্তা: কর্মকর্তা অর্থে কর্মচারীও অন্তর্ভুক্ত হবে।

৪.৯ স্বত:প্রনোদিত তথ্য প্রকাশ: জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর তথ্য এই নির্দেশিকায় নির্দেশিত মানদন্ড ও পদ্ধতি অনুসারে স্বত:প্রণোদিতভাবে প্রকাশ ও প্রচারকে বোঝাবে।

৫. স্বত:প্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য প্রকাশ ও প্রদান পদ্ধতি:

তথ্য অধিকার আইন অনুযায়ী আইনের বিধানাবলী সাপেক্ষে প্রত্যেক নাগরিকের তথ্য পাওয়ার অধিকার আছে ও জনগণেরচাহিদা অনুযায়ী এসব তথ্য জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো প্রকাশ ও প্রদান করবে।

৫.১ জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো স্বত:প্রনোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের একটি তালিকা প্রস্তুত করবে এবং তথ্যসমূহ কোন কোন পন্থায় প্রকাশ ও প্রচারিত হবে তা নির্ধারণ করবে।

৫.২ তালিকাটি নির্দেশিকার পরিশিষ্টে এবং অন্যান্য উপযুক্ত পন্থায় প্রকাশ করা হবে।

৫.৩ প্রতি ছয়মাস অন্তর এই তালিকা হালনাগাদ করা হবে।

৬. নির্দেশিকার সংশোধন:

এই নির্দেশিকা প্রয়োজন হলে জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো'র চীফ ইনোভেশন অফিসারের নেতৃত্বে গঠিত ইনোভেশন কমিটি অনুমোদনকারী কর্তৃপক্ষের কাছে সংশোধনের প্রস্তাব করবে। অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদনের পর নির্দেশিকার সংশোধন কার্যকর হবে।

৭. নির্দেশিকার ব্যাখ্যা:

এই নির্দেশিকার কোন বিষয়ে অস্পষ্টতা দেখা দিলে এ নির্দেশিকা প্রণয়নকারী কর্তৃপক্ষ তার ব্যাখ্যা প্রদান করবে।



পরিশিষ্ট ০১

জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো'র তথ্য প্রকাশ ইউনিট নিম্নোক্ত তথ্যসমূহ পার্শ্বে উল্লিখিত পন্থায় প্রকাশ ও প্রচার করবে।

| ক্র.নং | তথ্যের বিবরণ | তথ্য প্রকাশের মাধ্যম ও পদ্ধতি |
|---|---|---|
| ১. | জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)ঢাকা'র সাংগঠনিক কাঠামো ও কার্যক্রমের বিবরণ, কার্যপ্রনালী এবং দায়িত্বসমূহ। | নোটিশ বোর্ড, তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট। |
| ২. | জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)ঢাকা'র কর্মকর্তা ও কর্মচারীদের ক্ষমতা ও দায়িত্ব | প্রত্যেক অফিস/তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট। |
| ৩. | জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)ঢাকা'র সিদ্ধান্ত গ্রহনের পদ্ধতি, জবাবদিহি এবং তত্ত্বাবধানের মাধ্যম | প্রত্যেক অফিস/তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট। |
| ৪. | জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)ঢাকা'র কর্মকর্তা ও কর্মচারীর ডিরেক্টরী | প্রত্যেক অফিস/তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট। |
| ৫. | কার্যসম্পাদনের জন্য মন্ত্রণালয়ের নিয়ন্ত্রনে রক্ষিত ও ব্যবহৃত আইন, বিধিবিধান, নির্দেশনা, ম্যানুয়েল ডকুমেন্ট এবং রেকর্ড। | প্রত্যেক অফিস/তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট। |
| ৬. | পরিকল্পনা প্রণয়ন ও সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত যেকোনো ধরনের পরামর্শ/প্রতিনিধিত্ব যা কর্তৃপক্ষ কর্তৃক গৃহিত এর বিবরণ। | |
| ৭. | জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)ঢাকা'র বাজেট এবং আওতাধীন অফিসসমূহের বাজেট/ সকল পরিকল্পনার ধরণ চিহ্নিতকরণ, প্রস্তাবিত খরচ, বরাদ্দ এবং প্রকৃত ব্যয়ের উপর তৈরী প্রতিবেদন। | নোটিশ বোর্ড, ওয়েবসাইট। |
| ৮. | জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)ঢাকা হতে সহজলভ্য এবং এর নিকট রক্ষিত তথ্যাদির সংক্ষিপ্ত ELECTRONIC FORM/ধরণ (প্রযোজ্য ক্ষেত্রে) | ওয়েবসাইট। |
| ৯. | নাগরিকদের তথ্য সংগ্রহের জন্য বিরাজমান সুযোগ সুবিধা সংক্রান্ত বিবরণ | নোটিশ বোর্ড, ওয়েবসাইট/গনমাধ্যম ইত্যাদি |
| ১০. | নাম, পদবী, ঠিকানা, ফোন নম্বর এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই-মেইল ঠিকানাসহ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষের বিবরণ। | সংশ্লিস্ট তথ্য প্রদান ইউনিটের নোটিশ বোর্ড ও ওয়েবসাইট |
| ১১. | তথ্য কমিশন ও কমিশনারদের নাম, পদবী ও ঠিকানার বিস্তারিত বিবরণ | প্রত্যেক কর্তৃপক্ষের সকল তথ্য প্রদান ইউনিটের নোটিশ বোর্ড ও ওয়েবসাইট |
| ১২. | তথ্যের জন্য নাগরিকের কাছ থেকে প্রাপ্ত সকল আবেদন পত্রের অনুলিপি, যার মধ্যে নিম্নোক্ত তথ্যসমূহ অর্ন্তভুক্ত থাকবে :<br>(ক) যে কর্তৃপক্ষ কর্তৃক অনুরোধপত্রটি গৃহীত হয়েছে তার নাম<br>(খ) যে তথ্যের জন্য অনুরোধ করা হয়েছে।<br>(গ) অনুরোধের তারিখ | গৃহিত আবেদনপত্রের একটি কপি প্রত্যেক তথ্য প্রদান ইউনিটে, ইন্টারনেটে এবং পরিদর্শনের জন্য অফিসে রক্ষিত থাকবে। |
| ১৩. | মহাপরিচালক বিএমইটির সংক্ষিপ্ত প্রোফাইল ও জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)ঢাকা সংশ্লিস্ট বিভিন্ন প্রতিবেদন ইত্যাদি। | ওয়েবসাইট। |
| ১৪. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তিসমূহ | ওয়েবসাইট |
| ১৫. | প্রকাশনা: প্রতিবেদন ও বিভিন্ন বিজ্ঞপ্তি | নোটিশ বোর্ড, ওয়েবসাইট ইত্যাদি |
| ১৬. | তথ্য অধিকার আইনের সঙ্গে সঙ্গতি রেখে প্রণীত বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রকাশনা | ওয়েবসাইট, প্রত্যেক অফিস/অফিস/তথ্য প্রদান ইউনিটে মুদ্রিত অনুলিপি |
| ১৭. | বিএমইটি'র অর্জন, সাফল্য, ইনোভেশন | ওয়েবসাইট / বার্ষিক প্রতিবেদন / মুদ্রিত অনুলিপি |
| ১৮. | বৈদেশিক কর্মসংস্থান ও রেমিটেন্স সংক্রান্ত পরিসংখ্যান | ওয়েবসাইট |

| | | |
|---|---|---|
| ১৯. | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের কর্মপরিকল্পনা ও অগ্রগতি | ওয়েবসাইট |
| ২০. | নাগরিকদের জন্য প্রদেয় সকল সেবার বিবরণ এবং সেবা প্রাপ্তির পদ্ধতিসমূহ-পূর্নাঙ্গ সিটিজেন চার্টার | ওয়েবসাইট ও বুকলেট প্রকাশ। |
| ২১. | নাগরিক সভা/গণশুনানী সংক্রান্ত তথ্যাদি- | ওয়েবসাইট/মুদ্রিত অনুলিপি/ বার্ষিক প্রতিবেদন |
| ২২. | ক্রয় পরিকল্পনা, দরপত্র, কোটেশন | নোটিশ বোর্ড/ওয়েবসাইট |
| ২৩. | মাসিক সমন্বয় সভা ও অন্যান্য গুরুত্বপূর্ণ সভার সিদ্ধান্ত | মুদ্রিত অনুলিপি, ওয়েবসাইট |
| ২৪. | স্বত:প্রনোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন ও মনিটরিং কমিটি এবং সময়ে সময়ে গঠিত অন্যান্য কমিটির তথ্যাদি | নোটিশ বোর্ড, বার্ষিক প্রতিবেদন, ওয়েবসাইট। |
| ২৫. | তথ্য প্রাপ্তি সংক্রান্ত আবেদন, আপীল ও অভিযোগের ফরম এবং অন্যান্য সেবা প্রাপ্তির ফরমসমূহ | তথ্য প্রদান ইউনিটের ওয়েবসাইট, অফিসে হার্ড ও সফট কপি। |
| ২৬. | তথ্য প্রাপ্তির আবেদন ও নিষ্পত্তিসংক্রান্ত হালনাগাদ তথ্য | ওয়েবসাইট, মুদ্রিত অনুলিপি, বার্ষিক প্রতিবেদন |
| ২৭. | তথ্য প্রদান বাধ্যতামূলক নয়, এমন তথ্যের তালিকা | সংশ্লিস্ট তথ্য প্রদান ইউনিটের নোটিশ বোর্ড, ওয়েবসাইট, অফিস পরিদর্শনের জন্য রক্ষিত থাকবে। |
| ২৮. | স্বত:প্রণোদিত ভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা | সংশ্লিস্ট তথ্য প্রদান ইউনিটের নোটিশ বোর্ড, ওয়েবসাইট, অফিস পরিদর্শনের জন্য রক্ষিত থাকবে। |
| ২৯. | অভিযোগ ও নিষ্পত্তিসংক্রান্ত তথ্য (জিআরএস ও তথ্য অধিকার সংক্রান্ত অভিযোগসহ) | ওয়েবসাইট |
| ৩০. | অফিস আদেশ, বিজ্ঞপ্তি, প্রেস, বিজ্ঞপ্তি ইত্যাদি | সংশ্লিস্ট তথ্য প্রদান ইউনিটের নোটিশ বোর্ড, ওয়েবসাইট, মুদ্রিত অনুলিপি। |
| ৩১. | সরকারী কার্যক্রম, আলোকচিত্র, অঙ্কিত চিত্র, ভিডিও, অডিও | ওয়েবসাইট |
| ৩২. | সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ সরকারী অফিস ও গুরুত্বপূর্ণ সেবা সংক্রান্ত ওয়েবলিংক | ওয়েবসাইট |
| ৩৩. | ওয়েবসাইট মনিটরিং রিপোর্ট | ওয়েবসাইট ও মুদ্রিত অনুলিপি |
| ৩৪. | ওয়েবসাইটে প্রদত্ত তথ্য হালনাগাদ করার তারিখ | ওয়েবসাইট |
| ৩৫. | বিদেশ গমনেচ্ছু কর্মীদের নিবন্ধন প্রক্রিয়া | বার্ষিক প্রতিবেদন, সংশ্লিস্ট তথ্য প্রদান ইউনিটের নোটিশ বোর্ড ও ওয়েবসাইট |
| ৩৬. | যোগাযোগের পূর্নাঙ্গ ঠিকানাসহ বিভিন্ন দেশে বাংলাদেশী মিশন সমূহের তালিকা এবং সংশ্লিষ্ট দেশের কর্মকর্তার নামসহ শ্রম উইংসমূহে যোগাযোগের বিস্তারিত তথ্য | বার্ষিক প্রতিবেদন, সংশ্লিস্ট তথ্য প্রদান ইউনিট ও মিশনসমূহের নোটিশ বোর্ড ও ওয়েবসাইট। |
| ৩৭. | অভিবাসী কর্মীদের জন্য কান্ট্রি ম্যানুয়েল, যা থেকে তারা সংশ্লিস্ট দেশের বিভিন্ন সাধারণ এবং বিদেশের তথ্য উপাত্ত সর্ম্পকে জানতে পারবেন। | বার্ষিক প্রতিবেদন ও ওয়েবসাইট। |
| ৩৮. | অভিবাসন সংক্রান্ত কিছু সাধারণ প্রশ্ন এবং উত্তর (FAQ) | ওয়েবসাইট |

CamScanner

**পরিশিষ্ট ২**

**আইন অনুযায়ী যে সকল তথ্য প্রদান বাধ্যতামূলক নয়:**
তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা ৭ অনুযায়ী সংশ্লিষ্ট তথ্যসমূহ প্রকাশ বা প্রদান করা হবে না।

**পরিশিষ্ট ৩**

**দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিবরণ:**
নাম: জনাব এম ডি জাহিদুল ইসলাম
পদবি: সহকারী পরিচালক
কার্যালয়: জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২ কাকরাইল, ঢাকা।
ফোন: ০১৭৯৩০৩৪৯২৭
ইমেইল: bmetzahid@gmail.com

**পরিশিষ্ট ৪**

**বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিবরণ:**
নাম: জনাব এস এম মাহমুদুল হাসান
পদবি: সহকারী পরিচালক
কার্যালয়: জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২ কাকরাইল, ঢাকা।
ফোন: ০১৬৭৭৬০৯১১৯
ইমেইল: mhassan.bmet@gmail.com

**পরিশিষ্ট ৫**

**আপিল কর্মকর্তার বিবরণ:**
(মোঃ আবুল হাছানাত হুমায়ুন কবীর)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
কার্যালয়: জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২ কাকরাইল, ঢাকা।
ফোন: +৮৮-০২৪৯৩৪৯৯২৫
ইমেইল: dg@bmet.gov.bd

CamScanner